

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৪.১৯.৩২


তারিখঃ ০৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ খুলনা সিটি কর্পোরেশনের ১০নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদে উপনির্বাচন উপলক্ষে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ (১) স্মারক নং ১ই-৫১/২০০০(অংশ-৬)-৩২৮ জে, তারিখঃ ১৭/০১/২০২১ খ্রিঃ, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
(২) নং ১৭.০০.০০০০.০৪৫.৩৭.০০১.১৭.০১, তারিখঃ ০৬/০১/২০২১ খ্রিঃ, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ তারিখ (শনিবার) খুলনা সিটি কর্পোরেশন এর ১০নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদে উপনির্বাচন উপলক্ষে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬ এ বর্ণিত ক্ষমতাবলে উক্ত সিটি কর্পোরেশনের নির্বাচনি এলাকায় বিধি ৭২, ৭৪, ৭৫, ৭৬, বিধি ৭৭ এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীনে আমলে নেওয়া ও সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের জন্য ভোট গ্রহণের পূর্বের দু'দিন, ভোট গ্রহণের দিন ও ভোট গ্রহণের পরের দু'দিন অর্থাৎ ১১/০২/২০২১ খ্রিঃ হতে ১৫/০২/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেটের ক্ষমতা সম্পন্ন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হলোঃ

নং	সিটি কর্পোরেশনের নাম	আসনের নাম	ম্যাজিস্ট্রেটের সংখ্যা	কর্মকর্তার নাম পদবি ও কর্মস্থল
১.	খুলনা সিটি কর্পোরেশন	১০নং সংরক্ষিত আসন	০১	জনাব তরিকুল ইসলাম, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, খুলনা
		মোট =	০১ (এক) জন	


১৬/০২/২০২১
(মোহাম্মদ রহমত আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

সিনিয়র সচিব

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

[দৃঃ আঃ উপসচিব (আইন)]।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। মহানগর দায়রা জজ, খুলনা।
- ৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, খুলনা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। জনাব তরিকুল ইসলাম, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, খুলনা।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৫ম তলা, কক্ষ নং-৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। গার্ডফাইল।
- ১০। অফিস কপি।